West Bengal Form No. 27

5579

# FIRST INFORMATION REPORT

(Under Section 154 Cr. P.C.)

Dist SPC P.S Bhaktinagar Year 2021 FIR No. 417/21 Date 23/04/2021

(i) Act — Sections — (ii) Act IPC Sections 498A/34

(iii) Act — Sections — (iv) Others Acts & Sections 3/4 D.P. Act.

(a) Occurrence of Offence : Day Since after her marriage Date From Date To —

Time Period — Time From — Time To —

(b) Information received at P.S. Date 23/04/2021 Time 17:35 hr

(c) General Diary Reference : Entry No(s) 1883 Time 17:35 hrs

Type of Information : Written / Oral

Place of Occurrence : (a) Direction and Distance from P.S. 3km east Beat No.

(b) Address Sastri Nagar, Iskon mandir Road, PS Bhaktinagar, Dist: Jalpaiguri.

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S — District —

Complainant / Informant

(a) Name Smt Mamata Basfore

(b) Father's / Husband's Name W/O Bijay Basfore.

(c) Date / Year of Birth — (d) Nationality Indian.

(e) Passport No. — Date of Issue : — Place of Issue —

(f) Occupation —

(g) Address Sastri Nagar, Iskon mandir Road, PS Bhaktinagar, Jalpaiguri

Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

(1) Bijay Basfore (Husband) (2) Brinda Basfore (Father in law) (3) Smt Manju Basfore (Mother in law) (4) Dinesh Basfore (5) Pinky Basfore (other in laws) all of Bhaktinagar, PS NJP, JPG.

Reasons for delay in reporting by the Complainant / Information

Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

—

Total value of properties stolen / involved —

Inquest Report / U.D. Case No., if any —

FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is enclosed herewith reproduced over leaf.

Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., registered the case and took up to the investigation / directed ASI ARJUN PRASAD [illegible] to take up investigation / refused investigation / transferred to P.S ........ on point of jurisdiction. FIR read over to the Complaint/Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

DR No. ...... DT. ......
Bhaktinagar Police Station
Siliguri Police Commissionerate

Signature / Thumb impression of the Complainant / Informant [illegible signature]

Signature of the Officer-in-Charge, Police Station 23/04/2021
Inspector-in-Charge, Police Station
Siliguri Metropolitan Police

Name : DAWA TSHERING SHERPA

Date & Time of despatch to the court :

Rank SI OF POLICE No. BKNPS/SPC.

Scanned by CamScanner

To,
The Inspector-in-charge,
Bhaktinagar Police Station,
Dist. Jalpaiguri

Date: 23/04/2021

## বিষয় : এজাহার

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, আমি শ্রীমতি মমতা বাঁশফোড়, স্বামী শ্রী বিজয় বাঁশফোড় এবং পিতা শ্রী শম্ভু বাঁশফোড়, বর্তমান সাকিন- শান্তিনগর, উমা মন্দির রোড, থানা-ভক্তিনগর, জেলা-জলপাইগুড়ি।

Received on 23/04/2021 at ... hrs vide GDE No 1523 dt 23/04/2021 and started Bhaktinagar PS Case No 113/21 dt 23/04/21 u/s 498A/34 IPC & 3/4 D.P. Act. and endorsed the case to ASI ... for investigation.
23/04/21
Inspector-in-Charge
Bhaktinagar Police Station
Siliguri Metropolitan Police

আমি এই মর্মে অভিযোগ করিতেছি যে, বিগত ইংরেজী ১৬-০৫-২০১০ তারিখে ভাগলাবাগা রোড, থানা-এন.জে.পি., জেলা-জলপাইগুড়ি নিবাসী বিন্দা বাঁশফোড়ের পুত্র শ্রী বিজয় বাঁশফোড়ের সহিত হিন্দু শাস্ত্রমতে সামাজিকভাবে বিবাহ সম্পন্ন হয়। বিবাহের সময় আমার স্বামীর বাড়ির লোকের দাবীমত আমার বাবা নগদে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ১০ গ্রাম ওজনের সোনার গয়না, আসবাবপত্র, বাসনপত্র এবং অন্যান্য মালসামগ্রী দেওয়া হয়। বিবাহের পর হইতেই আমার শ্বশুর বাড়ির লোকেরা আমার উপর মানসিক অত্যাচার করতে শুরু করে, আমার স্বামী প্রায় প্রতি রাতেই মদ্যপান করে রাত্রে বাড়ি ফিরে আমার উপর শারিরীক অত্যাচার করে, বিনা কারনে আমাকে কিল, চড়, ঘুষি এবং লাথি মারে। এসব দেখেও আমার শ্বশুর শ্রী বিন্দা বাঁশফোড়, শাশুরী শ্রীমতি মঞ্জু বাঁশফোড়, ভাসুর শ্রী দিনেশ বাঁশফোড় এবং ভাসুরের স্ত্রী শ্রীমতি পিঙ্কি বাঁশফোড় কোনরকম প্রতিবাদ করে না বরং তাহারা আমার স্বামীকে উষ্কানী দেয় আমার উপর অত্যাচার করার জন্য যাহাতে আমি বাড়ি ছেড়ে চলে আসি। আমি সংসার করার আশায় তাহাদের এইরূপ অকথ্য অত্যাচার সহ্য করে আসছিলাম। কিন্তু কোনমতেই তাহারা আমার উপর অত্যাচার বন্ধ করে না, বরং কয়েকমাস পর থেকেই আমার শ্বশুর বাড়ির লোকেরা আমার বাবার কাছ থেকে ৫০,০০০/- টাকা আনার জন্য চাপ দিতে থাকে। আমার বাবা খুব গরীব, টাকা দিতে অপারক বললে তারা আমার উপর অত্যাচারের মাত্রা বাড়িয়ে দেয়। মাঝে মধ্যেই মারধর করে চুলের মুঠি ধরে বাড়ির বাইরে বের করে দিত। আমি সংসার করার আশায় তাহাদের এইরূপ অত্যাচার মুখ বুজে সহ্য করে আসছিলাম।

পরবর্তী পৃষ্ঠা নং-২

Scanned by CamScanner

পরবর্তীতে আমার শ্বশুর, শাশুড়ি এবং আমার স্বামী আমাকে ডিভোর্স দেওয়ার হুমকি দেয় এবং বলে যে, তাহারা আমার স্বামীর পুনরায় বিবাহ দিবে, আমার স্বামী, আমার সাথে আর সংসার করবে না। বিগত ইংরেজী ০৫-১০-২০১৩ তারিখে আমার স্বামী, শ্বশুর ও শাশুড়ি আমার উপর মারধর করে বাবার বাড়িতে রেখে যায় এবং বলে টাকা না নিয়ে আসলে আমাকে শশুর বাড়িতে ঢুকতে দিবে না, বাধ্য হয়ে আমি বাবার বাড়িতে থাকতে শুরু করি। পরবর্তীতে বহুবার শ্বশুর বাড়িতে যোগাযোগ করিলেও আমাকে তাহারা নিয়ে যায় না। বাধ্য হয়ে বিগত ইংরেজী ২৪-০৩-২০১৪ তারিখে আপনার থানায় ভারতীয় দন্ডবিধির ৪৯৮এ/৫০৬/৩৪ এবং ৩/৪ পিডিপিপি ধারায় একটি এজাহার দায়ের করি যাহার নং-৪৩৫/২০১৪ তারিখ ২৪-০৩-২০১৪। কিন্তু এফ.আই.আর করার পর আমার শ্বশুর বাড়ির লোকেরা আমার সাথে যোগাযোগ করে এবং বলে কোর্টে গিয়ে তাহাদের *Bail* করানোর ব্যাবস্থা করতে। তাহারা এও আশ্বাস দেয় যে, তাহারা আমাকে নিয়ে যাবে এবং আমার স্বামী আমার সহিত সংসার করবে। আমি তাহাদের কথামত কোর্টে উপস্থিত হইয়া তাহাদের *Bail* করাই। তারপর কিছুদিন শ্বশুর বাড়িতে ভালভাবেই সংসার করছিলাম, কিন্তু কিছুদিন পর থেকেই আমার শ্বশুর বাড়ির লোকেরা আমার উপর আবার অমানুষিক অত্যাচার করতে শুরু করে। আমাকে ঠিকমত খেতে দেয় না এবং বাড়ি থেকে টাকা আনার জন্য চাপ দিতে থাকে। এত অত্যাচার স্বত্বেও আমি মুখ বুঝে এইসব সহ্য করে আসছিলাম শুধুমাত্র সংসার করব বলে। কিন্তু ২৬/০১/২০১৬ সালে আমাকে আমার স্বামী জোরপূর্বক আমার বাপের বাড়ি দিয়ে যায়। আমি তাহাদের অত্যাচারের ফলে শারিরীকভাবে অসুস্থ হইয়া পড়ি এবং জন্ডিসে আক্রান্ত হই, নিরুপায় হইয়া চিকিৎ সার জন্য কাকার বাড়ি খালপাড়া, শিলিগুড়িতে থাকতে শুরু করি। আমি অসুস্থ থাকাকালীন আমার শ্বশুর বাড়ির লোকেরা আমার কোনরুপ খোঁজখবর নেয় না এমনকি বহুবার বলা স্বত্বেও তাহারা আমাকে ফিরিয়ে নিয়ে যেতে চায় না। উপরন্তু তাহারা আমাকে ডিভোর্স দেওয়ার জন্য চাপ দেয়। আমি নিরুপায় হইয়া শিলিগুড়ি আদালতে একটি খরপোষের মামলা করি (*MR Case No. 147/2017*) উক্ত মামলায়

পরবর্তী পৃষ্ঠা নং-৩

Scanned by CamScanner

আমার স্বামী কোর্টে হাজির হইয়া আমার সহিত সংসার করার প্রতিশ্রুতি দেয়। বর্তমানে আমার স্বামী নেপালে, গুলমি জেলা অধীন, রিদি বাজার এর নিকট বিদ্যাজ্যোতি ইংলিশ বোর্ডিং স্কুলে কম্পিউটার শিক্ষক হিসাবে কাজ করে এবং আমাকে বলে তার বাবা মা চায়না আমি আমার স্বামীর সহিত সংসার করি, সেই কারনে সে প্রয়োজনীয় ব্যবস্থা করে আমাকে তাহার সহিত নেপালে নিয়ে যাবে, এবং আমার সহিত আমার বাবার বাড়িতে এসে থাকতে শুরু করে। কিন্তু কিছুদিন পর আমার স্বামী তাহার দাদা শ্রী দীনেশ বাঁশফোড় এর বাড়ি তিনধারিয়া, দার্জিলিং-এ যায়, সেখানে তার বাবা-মা এবং দাদা-বৌদি সকলে মিলে ষড়যন্ত্র করে আমাকে না নিয়ে যাওয়ার জন্য এবং ইংরেজী ১৪-০৪-২০২১ তারিখে আমার স্বামী আমার বাবার বাড়ি এসে আমাকে বলে সে আমার সাথে সংসার করবে না, আমাকে ডিভোর্স দেওয়ার জন্য চাপ দেয়, আমি অস্বীকার করলে সে আমাকে মারধর করে এবং আমাকে রেখে চলে যায়। আমার স্বামী, শ্বশুর, শাশুরি সকলে মিলে আমাকে বারবার মিথ্যা প্রলোভন দেখিয়েছে সংসার করার শুধুমাত্র তাহাদের স্বার্থসিদ্ধির জন্য। তাহারা আমাকে মাঝে মধ্যেই এসে হুমকি দেয় ডিভোর্স দেওয়ার জন্য এমনকি মারধর করতেও পিছপা হয় না এবং হুমকিও দেয় এই বলে যে, ডিভোর্স না দিলে আমাকে মেরে ফেলবে। আমার স্বামী এবং তাহার পরিবারের এইরূপ আচরনে আমি ভীত সন্ত্রস্ত এবং জীবনের আশঙ্কায় ভুগিতেছি।

অতএব মহাশয়, বিনীত প্রার্থনা উক্ত ঘটনা সরজমিনে তদন্ত করিয়া দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা লইয়া বাধিত করিবেন।

বিনীত নিবেদন

Mamta Basfore

(মমতা বাঁশফোড়)

Scanned by CamScanner